# কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পত্রের দলিল (জাতীয়)

# For Procurement of Goods

**(Request for Quotation Method)**

**ISO 9001:2015 certified**

## বগুড়া পল্লী বিদ্যুৎ সমিতি-১
## ছিলিমপুর, বগুড়া

**"বগুড়া পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর আশ্রায়ন প্রকল্পের হাউজ ওয়্যারিং মালামাল সরবরাহের দরপত্র নং-২২"**

---

## প্রশাসন বিভাগ
## বগুড়া পল্লী বিদ্যুৎ সমিতি-১
## ছিলিমপুর, বগুড়া।

ISO 9001:2015 Certified

শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

বগুড়া পল্লী বিদ্যুৎ সমিতি-১
Bogra Palli Bidyut Samity-1
ছিলিমপুর, বগুড়া

প্রশাসন বিভাগ, E-mail : bograpbs1@gmail.com Web: pbs1.bogra.gov.bd টেলিফোন-০৫১-৬২২৪৩ (অফিস)

স্মারক নং-২৭.১২.১০২০.৫২৫.০১.০৩৮(RFQ).২৪. ৯৩০৫

তারিখঃ ০৭ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ
২১ মার্চ ২০২৪খ্রিঃ

**"হাউজ ওয়্যারিং মালামাল ক্রয় করনের জন্য"**

কোটেশন প্রদানের অনুরোধজ্ঞাপনপত্র (RFQ)

কোটেশন নম্বর: (-------/২০২৩-২০২৪), তারিখ: ২১/০৩/২০২৪ খ্রিঃ

প্রতি

.......................................................................

০১। জেনারেল ম্যানেজার, বগুড়া পবিস-১ এর অনুকুলে সরকারি তহবিল বরাদ্দ করা হয়েছে এবং তিনি এর একটি অংশ যোগ্য পরিশোধের ক্ষেত্রে প্রয়োগ করতে ইচ্ছুক, যার জন্য এ কোটেশন দলিল জারি করা হয়েছে।

০২। ইচ্ছুক সকল কোটেশনদাতা কর্তৃক পরিদর্শনের জন্য অভিপ্রেত পণ্য এবং সংশ্লিষ্ট সেবার বিস্তারিত বিনির্দেশ, ডিজাইন এবং নকশা দপ্তর চলাকালীন সময়ে সকল কার্যদিবসে ক্রয়কারীর দপ্তরে প্রাপ্তিসাধ্য হবে।

০৩। সংযুক্ত 'কোটেশন দলিল' ব্যবহার করে কোটেশন প্রস্তুত এবং দাখিল করতে হবে।

০৪। কোটেশন যথাযথভাবে প্রস্তুতপূর্বক ক্ষমতাপ্রাপ্ত স্বাক্ষরকারী কর্তৃক প্রতিটি পৃষ্ঠা স্বাক্ষর করে ৬ অনুচ্ছেদে উল্লিখিত তারিখ ও সময়ে কোটেশন আহ্বানকারীর দপ্তরে দাখিল করতে হবে।

০৫। কোটেশন দাখিল এবং পণ্য সরবরাহে কোনো জামানত যেমন, কোটেশন জামানত এবং কার্য-সম্পাদন জামানতের (যদি চুক্তি সম্পাদিত হয়) প্রয়োজন হবে না।

০৬। সিলমোহরকৃত খাম ২৮/০৩/২০২৪ খ্রিঃ তারিখ বেলা ১১:৩০ ঘটিকা-এ বা এর পূর্বে কোটেশন (১) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, খিলক্ষেত, ঢাকা-১২২৯ অথবা (২) বগুড়া পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তর, ছিলিমপুর, বগুড়া দাখিল করতে হবে। কোটেশনে হাউজ ওয়্যারিং মালামাল ক্রয়ের" জন্য কোটেশন এবং ২৮/০৩/২০২৪ **খ্রিঃ তারিখ বেলা ১১:৩৫ ঘটিকার** আগে খোলা যাবে না" লিখে অবশ্যই সুস্পষ্টভাবে চিহ্নিত করতে হবে। উল্লিখিত সময়ের পরে প্রাপ্ত কোটেশন গ্রহণযোগ্য হবে না।

০৭। প্রাপ্ত এবং উপরোল্লিখিত ৬অনুচ্ছেদের বর্ণনা অনুযায়ী চিহ্নিত করা কোটেশনসমূহ ক্রয়কারী সিলমোহরকৃত ও খামভুক্ত করবে এবং এভাবে প্রাপ্ত কোটেশনসমূহ উন্মুক্ত না করে মূল্যায়নের জন্য কোটেশন দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের একই তারিখে মূল্যায়ন কমিটির কাছে পাঠাতে হবে।

০৮। পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৭১(৪) অনুসারে ক্রয়কারী কোটেশন আহবানের তারিখ হতে দাখিলের জন্য প্রদত্ত সময় অনধিক ১০ (দশ) দিন এর নির্ধারিত সময়সীমা যথাসম্ভব কম বা যুক্তিসংগত করতে পারবেন।

০৯। কোটেশন দাখিলের নির্ধারিত সর্বশেষ তারিখ হতে ন্যূনতম ৬০ (ষাট) দিন পর্যন্ত জন্য সকল কোটেশন বৈধ থাকবে।

১০। দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের তারিখে প্রাপ্ত কোটেশন প্রকাশ্যে উন্মুক্ত করা হবে না।

১১। যদি চুক্তি সম্পাদন করা হয়, কোটেশনদাতার উদ্ধৃত দর বা মূল্যে মুনাফা ও ওভারহেড এবং সবধরণের কর, শুল্ক ও আব, ফী, লেভি এবং আইনের অধীনে পরিশোধযোগ্য অন্যান্য চার্জ অন্তর্ভুক্ত থাকবে।

১২। দর টাকায় উদ্ধৃত করতে হবে এবং এ চুক্তির অধীন পরবর্তীতে মুল্য পরিশোধও টাকায় করা হবে। কোটেশনদাতার প্রস্তাবিত মূল্য, যদি গৃহীত হয়, তবে তা চুক্তিকালীন সময়ে স্থির অংকে থাকবে।

১৩। **কোটেশন দাতার যোগ্যতার প্রমাণস্বরূপ বৈধ ট্রেড লাইসেন্স, আয়কর সনাক্তকরণ নম্বর (TIN), ভ্যাট নিবন্ধন সংক্রান্ত দালিলিক প্রমানাদি এবং আর্থিক স্বচ্ছলতার সমর্থনে ব্যাংকের সনদপত্র দাখিল করতে হবে। এগুলো ব্যতীত কোটেশন অগ্রহণযোগ্য বলে বিবেচিত হতে পারে।**

১৪। মূল্যায়ন কমিটি কোটেশনের সঙ্গে দাখিলকৃত তথ্য ও দলিলপত্রের ভিত্তিতে কোটেশন মূল্যায়ন করবে। চুক্তি সম্পাদনের জন্য সর্বনিম্ন মূল্যায়িত গ্রহণযোগ্য কোটেশন নির্ধারণের ক্ষেত্রে কমপক্ষে ৩ (তিন) টি গ্রহণযোগ্য কোটেশনের প্রয়োজন হবে।

১৫। উদ্ধৃত একক দর এবং মূল্যের মধ্যে অসঙ্গতি থাকলে একক দর প্রাধান্য পাবে। কথায় এবং সংখ্যার মধ্যে অসঙ্গতির ক্ষেত্রে কথায় উদ্ধৃত দর/মূল্য প্রাধান্য পাবে। মূল্যায়ন কমিটি কর্তৃক নির্ণিত গাণিতিক সংশোধন গ্রহণে কোটেশনদাতা বাধ্য থাকবে।

১৬। ক্রয় আদেশ জারীর তারিখ থেকে **কার্যাদেশে উল্লেখিত সময়ের** মধ্যে পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহ সম্পন্ন করতে হবে।

১৭। ক্রয় আদেশ যা সরবরাহকারী এবং ক্রয়কারীর মধ্যে অবশ্য পালনীয় চুক্তিতে বাধ্য করে তা অনুমোদনকারী কর্তৃপক্ষের অনুমোদন প্রাপ্তির ০৭ **(সাত)** দিনের মধ্যে জারী করতে হবে।

১৮। ক্রয়কারী সকল কোটেশন বা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

21/03/21

(মোঃ মোনোয়ারুল ইসলাম ফিরোজী)
জেনারেল ম্যানেজার

**<u>অনুলিপিঃ-(সদয় অবগতি এবং নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের অনুরোধসহ)।</u>**

০১॥ পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃঅঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
(বিজ্ঞপ্তির শর্তানুযায়ী নির্ধারিত সময় পর্যন্ত দরপত্র গ্রহণের অনুরোধ করা হল)
০২॥ পরিচালক, সম্পত্তি ও লজিস্টিক পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩॥ সিনিয়র সিস্টেম এনালিষ্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। (বাপবিবোর ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)
০৪॥ জেলা প্রশাসক, বগুড়া।
০৫॥ পুলিশ সুপার, বগুড়া।
০৬॥ সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, -------------------------পবিস-১/২/৩/৪।
০৭॥ নির্বাহী প্রকৌশলী, এসওডি, বাপবিবো, বগুড়া।
০৮॥ নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সড়ক ও জনপথ, বগুড়া।
০৯॥ ডেপুটি জেনারেল ম্যানেজার-সদর-কারিগরী/মোকামতলা/দুপচাঁচিয়া/কাহালু/নন্দীগ্রাম জোনাল অফিস, বপবিস-১।
১০॥ সহ-জেনারেল ম্যানেজার (পীরব সা/জোঃ/অর্থ-হিসাব/অর্থ-রাজস্ব/সদস্য সেবা/ওএন্ডএম/ইএন্ডসি), বপবিস-১।
১১। এজিএম(আইটি-১/২), বপবিস-১ (ওয়েব সাইটে প্রকাশ নিশ্চিত করবেন)।
১২॥ মেসার্স ---------------------------------------------------------------------------।
১৩॥ নোটিশ বোর্ড/ওয়েব সাইট, বগুড়া পবিস-১।
১৪॥ অফিস কপি/মাস্টার কপি ।

মোঃ মোনোয়ারুল ইসলাম ফিরোজী)
জেনারেল ম্যানেজার

কোটেশন দাখিল পত্র

[প্রতিষ্ঠানের নির্ধারিত প্যাড ব্যবহার করুন]

কোটেশনের স্মারক নম্বর:................................................ তারিখ: ------------

প্রতি

----------------------------

আমি/আমরা, নিম্ন স্বাক্ষরকারী, পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহের শর্তাবলী অনুসারে "হাউজ ওয়্যারিং মালামাল" সরবরাহ করার জন্য প্রস্তাব করছি।

আমার/আমাদের কোটেশনের মোট মূল্য টাকা ------------------------কথায়ঃ------------------------------

আমার/আমাদের কোটেশন কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপনপত্রে (আরএফকিউ) উল্লিখিত সময়সীমা পর্যন্ত বৈধ থাকবে এবং আমি/আমরা এটা মানতে বাধ্য থাকব। বৈধতার মেয়াদ অতিক্রম হওয়ার পূর্বে যে কোনো সময় ইহা গ্রহণ করা যেতে পারে।

আমি/আমরা ঘোষণা করছি যে, আমার/আমাদের আপনার সঙ্গে চুক্তি সম্পাদনের আইনগত সক্ষমতা রয়েছে এবং বাংলাদেশ সরকার কর্তৃক কোনো দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকাণ্ডে সম্পৃক্ততার দায়ে অযোগ্য ঘোষিত হইনি। এছাড়াও, আমি/আমরা অনুচ্ছেদ-১৯ (বি)তে উল্লিখিত শর্তের বিষয়ে অবগত রয়েছি এবং কোটেশনে অংশগ্রহনের প্রতিযোগীতা বা সরবরাহ সম্পন্ন করার সময় এ ধরনের কাজে জড়িত না হওয়ার অঙ্গীকার করছি।

আমি/আমরা এই কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (আরএফকিউ) প্রক্রিয়ায় নিজের/নিজেদের নামে অথবা অন্য নামে বা ভিন্ন নামে একটার বেশি কোটেশন দাখিল করিনি। আমি/আমরা অবগত যে আপনাদের জারিকৃত ক্রয় আদেশের মাধ্যমে চুক্তি সম্পাদিত হবে এবং তা মানতে বাধ্য থাকব।

আমি/আমরা ২১/০৩/২৪খ্রিঃ তারিখে আপনাদের জারিকৃত কোটেশন প্রদানের অনুরোধজ্ঞাপন (আরএফকিউ) দলিলপত্র পরীক্ষা করেছি এবং এ সম্পর্কে আমাদের কোনো আপত্তি নেই।

আমি/আমরা অবগত যে, আমার/ আমাদের কাছে কোনো দায় ছাড়াই আপনি সকল কোটেশন অথবা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

সিলসহ কোটেশনদাতার স্বাক্ষর
তারিখ

# পণ্য এবং সংশ্লিষ্ট সেবার মূল্য তফশীল

কোটেশনের স্মারক নম্বরঃ-২৭.১২.১০২০.৫২৫.০১.০৩৮(RFQ).২৪- ,তারিখঃ- ২৭/০৩/২৪খ্রিঃ

| ক্রঃ নং | আইটেম নম্বর | আইটেমের বিবরণ | পরিমাপের একক | পরিমান | একক দর/মূল্য | | মোট মূল্য | পণ্য সরবরাহের গন্তব্য স্থান |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | অংকে | কথায় | অংকে | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১ | - | মেইন সুইচ ১৫ এ্যাম্পিয়ার | টি | ২০৭ | | | | |
| ২ | | তার,তামা, পিভিসি, টুইন কোর ৩/০.০৩৬ | ফুট | ১০৩৫ | | | | |
| ৩ | | তার,তামা, পিভিসি, সিঙ্গেল কোর ৩/০.০৩৬ লাল | ফুট | ১২৪২ | | | | |
| ৪ | | তার,তামা, পিভিসি, সিঙ্গেল কোর ৩/০.০৩৬ কালো | ফুট | ১২৪২ | | | | |
| ৫ | | তার,তামা, পিভিসি, সিঙ্গেল কোর ৩/০.০২৯ লাল | ফুট | ২৪৮৪ | | | | |
| ৬ | | তার,তামা, পিভিসি, সিঙ্গেল কোর ৩/০.০২৯ কালো | ফুট | ১০৩৫ | | | | |
| ৭ | | পিভিসি মেইন সুইচ বোর্ড (প্লেইন) ৮"X ৬" | টি | ২০৭ | | | | |
| ৮ | | পিভিসি সুইচ বোর্ড ৮"X ১০" (৫ ঘাট) | টি | ২০৭ | | | | |
| ৯ | | পিভিসি মাউন্টিং বোর্ড ৪"X ৬" | টি | ২০৭ | | | | |
| ১০ | | সুইচ, ৫ এম্পিয়ার,২৫০ ভোল্ট | টি | ৬২১ | | | | |
| ১১ | | টুপিন সকেট, ৫ এম্পিয়ার, ২৫০ ভোল্ট | টি | ২০৭ | | | | |
| ১২ | | ইন্ডিকেটর বাল্ব, ৫ এম্পিয়ার, ২৫০ ভোল্ট | টি | ২০৭ | | | | |
| ১৩ | | সিলিং রোজ | টি | ২০৭ | | | | বগুড়া পবিস-১ |
| ১৪ | | ব্যাটেন হোল্ডার | টি | ২০৭ | | | | |
| ১৫ | | পিভিসি পাইপ ১/২" | ফুট | ১০৩৫ | | | | |
| ১৬ | | পিভিসি টি-বেন্ড ১/২" | টি | ৪১৪ | | | | |
| ১৭ | | চায়না কাটাসহ পিভিসি ক্লিপ ১/২" (১৪ নম্বর) | ডজন | ১৫৬ | | | | |
| ১৮ | | নাট-বোল্ট (ওয়াসারসহ) ১" | ডজন | ১০৪ | | | | |
| ১৯ | | উডেন স্ক্রু ৩/৪" | ডজন | ১০৪ | | | | |
| ২০ | | স্ক্রু, বোল্ট, নাট (কর্ড) ৩/৪" | ডজন | ১০৪ | | | | |
| ২১ | | পিভিসি ইনসুলেটিং টেপ | টি | ৫২ | | | | |
| ২২ | | ১/২" করুগেটেড ফ্লেগজিবল পিভিসি পাইপ | ফুট | ১০৩৫ | | | | |
| ২৩ | | গ্রাউন্ডিং রড, গ্যালভানাইজড | টি | ২০৭ | | | | |
| ২৪ | | মিটার বোর্ড (সিঙ্গেল ফেজ) প্লাষ্টিক | টি | ২০৭ | | | | |
| ২৫ | | মিটার সেড | টি | ২০৭ | | | | |
| ২৬ | | স্টীল চায়না কাটা ১.৫" | কেজি | ৫ | | | | |
| ২৭ | | স্টীল চায়না কাটা ৩/৪" | কেজি | ৪ | | | | |

| | | |
|---|---|---|
| সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবার মোট **মূল্য**<br>(ভ্যাট ও প্রযোজ্য সবধরনের ট্যাক্স সহ; নিম্নোক্ত ২নং নোট দেখুন) | অংকে | |
| | কথায় | |

| | |
|---|---|
| পণ্য প্রেরণের ঠিকানা | বগুড়া পল্লী বিদ্যুৎ সমিতি-১, ছিলিমপুর, বগুড়া। |
| মোট মূল্য টাকায়<br>(কথায়) | [উপরোল্লিখিত তফশীলের ৮ নম্বর কলামে উল্লেখিত সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবার জন্য মোট মূল্য ---------------------------------------- |
| প্রস্তাবিত সরবরাহ | ১০(দশ) দিনের মধ্যে ক্রয় আদেশ জারির তারিখ থেকে |
| প্রদত্ত ওয়ারেন্টি (warranty) | প্রয়োজ্য নয় । |

আমি/আমাদের দ্বারা এই মূল্যর তফশীলের তফশীলে ------টি সংশোধন যথাযথভাবে অনুস্বাক্ষর করা হয়েছে। আমার/আমাদের প্রস্তাব --------/----/২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত বৈধ থাকবে ।

| | |
|---|---|
| সিলসহ কোটেশনদাতার স্বাক্ষর | তারিখ: -------------------- |
| কোটেশনদাতার নাম | |

টীকা:

১। কলাম ১, ২, ৩, ৪, ৫ ও ৯ ক্রয়কারী পূরণ করবে এবং কলাম ৬, ৭ ও ৮ কোটেশনদাতা পূরণ করবে।

২। যদি চুক্তি সম্পাদিত হয় তবে পণ্যের দর বা মূল্যে ক্রয়কারীর গ্রহণযোগ্য পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের স্থানে সর্বোতভাবে সরবরাহের পরিবহন খরচ, বীমা খরচ ইত্যাদিসহ মুনাফা, ওভারহেড খরচ, সবধরনের কর, শুল্ক, ফী, লেভি ও প্রযোজ্য আইনের অধীন পরিশোধিত বা পরিশোধতব্য যাবতীয় ব্যয় অর্ন্তভুক্ত থাকবে।

আবশ্যিক পণ্যের কারিগরী বিনির্দেশ

| ক্রঃ নং | আইটেম নম্বর | আইটেমের বিবরণ | পূর্ণাঙ্গ কারিগরী বিনির্দেশ এবং মান | উৎস দেশের নাম | তৈরী বং মডেল (make and model) |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১ | | মেইন সুইচ ১৫ এ্যাম্পিয়ার | ডায়মন্ড/সমমান | | |
| ২ | | তার,তামা, পিভিসি, টুইন কোর ৩/০.০৩৬ | বিআরবি/সমমান | | |
| ৩ | | তার,তামা, পিভিসি, সিঙ্গেল কোর ৩/০.০৩৬ লাল | আরএফএল/সমমান | | |
| ৪ | | তার,তামা, পিভিসি, সিঙ্গেল কোর ৩/০.০৩৬ কালো | আরএফএল/সমমান | | |
| ৫ | | তার,তামা, পিভিসি, সিঙ্গেল কোর ৩/০.০২৯ লাল | আরএফএল/সমমান | | |
| ৬ | | তার,তামা, পিভিসি, সিঙ্গেল কোর ৩/০.০২৯ কালো | আরএফএল/সমমান | | |
| ৭ | | পিভিসি মেইন সুইচ বোর্ড (প্লেইন) ৮"X ৬" | আরএফএল/সমমান | | |
| ৮ | | পিভিসি সুইচ বোর্ড ৮"X ১০" (৫ ঘাট) | আরএফএল/সমমান | | |
| ৯ | | পিভিসি মাউন্টিং বোর্ড ৪"X ৬" | আরএফএল/সমমান | | |
| ১০ | | সুইচ, ৫ এম্পিয়ার,২৫০ ভোল্ট | যমুনা/ইষ্টার্ণ/সমমান | | |
| ১১ | | টুপিন সকেট, ৫ এম্পিয়ার, ২৫০ ভোল্ট | এমইপি/সমমান | | |
| ১২ | | ইন্ডিকেটর বাল্ব, ৫ এম্পিয়ার, ২৫০ ভোল্ট | এমইপি/সমমান | | |
| ১৩ | | সিলিং রোজ | এমইপি/সমমান | | |
| ১৪ | | ব্যাটেন হোল্ডার | এমইপি/সমমান | | |
| ১৫ | | পিভিসি পাইপ ১/২" | আরএফএল/সমমান | | |
| ১৬ | | পিভিসি টি-বেন্ড ১/২" | আরএফএল/সমমান | | |
| ১৭ | | চায়না কাটাসহ পিভিসি ক্লিপ ১/২" (১৪ নম্বর) | চায়না/ সমমান | | |
| ১৮ | | নাট-বোল্ট (ওয়াসারসহ) ১" | চায়না/ সমমান | | |
| ১৯ | | উডেন (স্টার) স্ক্রু ৩/৪" | উন্নতমানের | | |
| ২০ | | স্ক্রু, বোল্ট, নাট (কর্ড) ৩/৪" | উন্নতমানের | | |
| ২১ | | পিভিসি ইনসুলেটিং টেপ | ডিআর/সমমান | | |
| ২২ | | ১/২" করুগেটেড ফ্লেগজিবল পিভিসি পাইপ | উন্নতমানের | | |
| ২৩ | | গ্রাউন্ডিং রড, গ্যালভানাইজড | উন্নতমানের | | |
| ২৪ | | মিটার বোর্ড (সিঙ্গেল ফেজ) প্লাষ্টিক | আরএফএল/সমমান | | |
| ২৫ | | মিটার সেড | আরএফএল/সমমান | | |
| ২৬ | | স্টীল চায়না কাটা ১.৫" | উন্নতমানের | | |
| ২৭ | | স্টীল চায়না কাটা ৩/৪" | উন্নতমানের | | |

আমি/আমরা ঘোষণা দিচ্ছি যে, আমি/আমরা প্রস্তাবিত পণ্য ও সংশ্লিষ্ট সেবা সম্পূর্ণভাবে উপরোল্লেখিত কারিগরী বিনির্দেশ এবং মান অনুযায়ী সরবরাহ করব।

| | |
|---|---|
| সিলসহ কোটেশনদাতার স্বাক্ষর | তারিখ: ------------------ |
| কোটেশনদাতার নাম | |

টীকা:

১. কলাম ১, ২, ৩ ও ৪ ক্রয়কারী এবং কলাম ৫ ও ৬ কোটেশনদাতা পূরণ করবে।

২. বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণী) ক্রয়কারী পূরণ করবে। ক্রয়কারীর প্রয়োজনের বস্তুনিষ্ঠ এবং প্রতিযোগিতামূলক দর প্রদানের জন্য একসেট সঠিক এবং স্পষ্ট বিনির্দেশ হলো কোটেশনের পূর্বশর্ত। প্রতিযোগিতামূলক কোটেশনের জন্য পণ্যের কারিগরী বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণী) সর্বাধিক সম্ভাব্য প্রতিযোগিতার লক্ষ্যে প্রস্তুত করতে হবে এবং একইসঙ্গে ক্রয়তব্য পণ্য ও সংশ্লিষ্ট সেবার কারিগরি দক্ষতা, দ্রব্যাদি এবং কার্য-সম্পাদনের মান সুস্পষ্টভাবে বর্ননা করতে হবে। বিনির্দেশে আবশ্যিক যে, পণ্যে অন্তর্ভুক্ত সমস্ত আইটেম , দ্রব্যাদি এবং আনুষঙ্গিক উপকরণ নতুন, অব্যবহৃত এবং সবচেয়ে সম্প্রতিকতম বা চলতি মডেলের হবে। তার নকশা এবং দ্রব্যাদিতে সব সাম্প্রতিক উৎকর্ষ সন্বেবেশিত হবে।

৩. পণ্য ও সংশ্লিষ্ট সেবাসমূহের কারিগরী বিনির্দেশ (সবিস্তার বিবরণী) ক্রয়কারীর প্রয়োজনীয়তার সঙ্গে সামঞ্জসপূণ্য হবে যা এ দলিলপত্রে সুনির্দিষ্ট ভাবে উল্লেখ করতে হবে । কোটেশনদাতা প্রস্তাবিত পণ্যের তৈরী (make) ও মডেল (যেমনটি প্রযোজ্য) উল্লেখ করবে এবং অবশ্যই তালিকাবদ্ধ পণ্যের যথাযথ মূল (প্রাপ্তিসাধ্য না হলে অনুলিপি) মুদ্রিত বিবরন/প্রচারপত্র (brochures) সংযুক্ত করবে।

বগুড়া পল্লী বিদ্যুৎ সমিতি-১
ছিলিমপুর, বগুড়া

বিষয়ঃ হাউজ ওয়্যারিং মালামাল সরবরাহের জন্য কার্যাদেশ।

ক্রয় আদেশ নম্বর_২৭.১২.১০২০.৫২৫.০১.০৩৮.২৪-            , তারিখ-২১/০৩/২৪খ্রিঃ

| | |
|---|---|
| কোটেশন নম্বর:________________ | তারিখ : --------- |
| প্রতি:<br>-------------------------- | |
| সরবরাহের তারিখ: ---------------------- | ক্রয়াদেশকৃত পণ্যের মূল্য: টাকা ---------------------- |
| সরবরাহ : শর্তানুযায়ী | |

নিম্নে তালিকাবদ্ধ পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের জন্য ক্রয়কারী আপনার ------------ তারিখের দাখিলকৃত কোটেশনের দর ১ম সর্বনিম্ন হওয়ায়, দরপত্র মূল্যায়ন কমিটির নিকট বিবেচিত হওয়ায় নিম্ন বর্ণিত শর্ত সাপেক্ষ্যে হাউজ ওয়্যারিং মালামাল সরবরাহের নিমিত্তে ---------------------টাকার কথায়------------ কাযাদেশ প্রদান করা হল। উল্লিখিত মলামাল সংযুক্ত শর্তাবলী অনুযায়ী উপরিউক্ত তারিখের মধ্যে সরবরাহ করার জন্য আপনাকে অনুরোধ করা হল।

| ক্রয়াদেশকৃত পণ্যসমূহ |
|---|
| পণ্য ও সংশ্লিষ্ট সেবার অনুমোদিত মূল্য সম্বলিত তফশীলের সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন।<br>আবশ্যিকীয় পণ্যের অনুমোদিত কারিগরী বিনির্দেশের (সবিস্তার বিবরণী) সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন।<br>শর্তাবলীর সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন। |
| ক্রেতার জন্য:<br>নাম এবং পদবীসহ ক্রয়কারীর স্বাক্ষর |
| তারিখ |

সংযুক্তিসমূহ: উপরোক্ত বর্ননা মোতাবেক

পণ্যের সরবরাহ ও মূল্য পরিশোধের জন্য শর্তাবলী

১. চুক্তির পরিচালনা এবং ব্যবস্থাপনা জন্য এখানে বর্নিত শর্তাবলী ক্রয়কারী এবং সরবরাহকারী মেনে চলতে বাধ্য থাকবে।
২. এই শর্তাবলীর প্রয়োগ ও ব্যাখ্যার ক্ষেত্রে সাধারণত পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮-এর বিধান প্রযোজ্য হবে।
৩. ক্রয়-আদেশ জারি হওয়ার ------------ দিনের মধ্যে সরবরাহকারীকে এই শর্তাবলী অনুযায়ী সর্বোতভাবে সরবরাহ সমাপ্ত করতে হবে।
৪. যদি ক্রয়কারী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা গ্রহণ করতে বিলম্ব করেন অথবা কোনো দৈব দূর্ঘটনা সংঘটিত হয় অথবা ক্রয়কারীর নিকট গ্রহণযোগ্য, যুক্তিসঙ্গত ও রেকর্ডকৃত কারণের ভিত্তিতে সরবরাহকারীর সরবরাহের তফশীলের সময় বর্ধিত হওয়ার অধিকার রয়েছে।

৫. চুক্তির অধীন সকল সরবরাহ পরীক্ষা, পরিদর্শন, পরিমাপ, টেস্টিং, কমিশনিং, তদারকির উদ্দেশ্যে যে কোনো সময় ক্রয়কারী বা তার ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির নিকট উন্মুক্ত রাখতে হবে।

৬. ক্রয়কারী কারিগরী বিনির্দেশ অনুযায়ী সরবরাহকারী কর্তৃক সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবা পরীক্ষা ও যাচাই করবে এবং কোনো ত্রুটি পাওয়া গেলে সরবরাহকারীকে জানাবে।

৭. যদি পণ্যে কোনো ত্রুটি পাওয়া যায় অথবা বিনির্দেশ অনুযায়ী না হয়, ক্রয়কারী সরবরাহকারীকে কারণ উল্লেখপূর্বক যথাযথ নোটিশ প্রদান করে সরবরাহ বাতিল করতে পারবে।

৮. সরবরাহকারী সকল ধরনের ট্যাক্স, শুল্ক, ফি এবং প্রযোজ্য আইনের অধীন এইরকম অন্যান্য লেভি পরিশোধে সম্পূর্ণ দায়বদ্ধ থাকবে।

৯. অন্য কোথাও যাহাই থাকুক না কেন, মূল্য সম্বলীত তফশীল এবং বিনির্দেশ অনুযায়ী প্রতিটা পণ্যের প্রকৃত সরবরাহের পরিমাণের উপর ভিত্তিতে মূল্য পরিশোধ করা হবে । সরবরাহের চালানের জমা এবং গ্রহণের পর পণ্য এবং সংশ্লিষ্ট সেবার চুক্তি মূল্যের শতভাগ পরিশোধ করা হবে।

১০. সরবরাহকারীর দর বা মূল্যে মুনাফা ও ওভারহেড এবং সব রকমের কর, শুল্ক, লেভি এবং প্রযোজ্য আইনের অধীনে অন্যান্য চার্জ অন্তর্ভুক্ত থাকবে।

১১. মোট চুক্তি মূল্য টাকা অংকে------------------------------- [কথায়---------------- ---------------------------------।

১২. সরবরাহকারী কর্তৃক দাখিলকৃত এবং ক্রয়কারী কর্তৃক গৃহীত সরবরাহ চালানের মাধমে সরবরাহ সমাপ্তির তারিখ হতে সরবরাহকৃত পণ্যের সর্বনিম্ন ওয়ারেন্টি মেয়াদ [মাস উল্লেখ করুন; প্রযোজ্য না হলে 'নেই' উল্লেখ করুন] ।

১৩. ২০০৮ সালের পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালার বিধি ৪০(৫) এর বাধ্যবাধকতা পূরণে সরবরাহকারী দায়বদ্ধ থাকবে।

১৪. সরবরাহকারী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের সময় ক্রেতাকে কোনো দাবি, তার নিজের, তার শ্রমিক বা কর্মচারী কিংবা ক্রয়কারী প্রতিষ্ঠানের কোন কর্মী অথবা কোনো তৃতীয় পক্ষের জীবন অথবা সম্পত্তির ক্ষতিপূরণ থেকে ক্রয়কারীকে ক্ষতিবহন প্রতিশ্রুতি থেকে দায়মুক্ত রাখবে।

১৫. পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহর কারণে উত্থাপিত কোনো দাবি সরবরাহকারী নিজ খরচ এবং দায়িত্বে নিস্পত্তি করবে।

১৬. ওয়ারেন্টি (Warranty) সময়সীমার ভেতর সরবরাহ এবং সংস্থাপনের কারণে পণ্যের ক্ষতি হলে, সরবরাহকারী নিজ খরচে সংশোধন করবে।

১৭. কোনো অবস্থাতেই ক্রয়াদেশকৃত পণ্যের পরিধি এবং সরবরাহের পরিমাণের সংশোধন ও পরিবর্তন গ্রহণযোগ্য নয়।

১৮. ক্রয়কারী প্রয়োজন হলে বিধি অনুসারে প্রয়োজনীয় অনুমোদিত পরিবর্তনগুলি সংযোজন করে পরবর্তীকালে চুক্তির শর্তাবলীর সংশোধন করতে পারবে।

১৯. ক্রয়কারী সরবরাহকারীকে লিখিত নোটিশ প্রদান করে যে কোনো সময় সম্পূর্ণ চুক্তি বা চুক্তির কোনো অংশ বাতিল করতে পারেন; যদি সরবরাহকারী:

ক. সরবরাহের তফশীলের সময় এবং বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণ) অনুযায়ী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহ করতে ব্যর্থ হয়।

খ. পণ্য এবং সংশ্লিষ্ট সেবার প্রতিযোগিতায় বা সরবরাহতে ক্রেতার বিবেচনায় কোনো দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কোন কর্মকান্ডে জড়িত ।

গ. চুক্তির অধীনে অন্য কোন বাধ্যবাধকতা পূরণে ব্যর্থ হলে।

২০. এই চুক্তি হতে উদ্ভুত বা চুক্তি সম্পর্কিত অথবা এর ব্যাখ্যা নিয়ে সৃষ্ট সম্ভাব্য সব ধরনের বিরোধ আপোষে মিমাংসার জন্য ক্রয়কারী এবং সরবরাহকারী তাদের সর্বোত্তম সমঝোতার মাধ্যমে নিস্পতির ব্যবস্থা গ্রহণ করবে।

২১. ২০০৬ সালের পাবলিক প্রকিউরমেন্ট আইনের ৬৪ ধারা এবং ২০০৮ সালের পাবলিক প্রকিউরমেন্ট আইনের ১২৭ বিধি মোতাবেক দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকান্ডের বিষয়ে সরবরাহকারী অবগত ও দায়ী থাকবে।

| | |
|---|---|
| ক্রেতার জন্য<br><br>নাম এবং পদবীসহ ক্রয়কারীর স্বাক্ষর | সরবরাহকারীর জন্য<br><br>নাম এবং পদবীসহ সরবরাহকারীর স্বাক্ষর |
| তারিখ | তারিখ |